Bangladesh

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-১৮ তারিখঃ ২২ মে '২০২২খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের মে '-২০২২ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ৩০ মে'২০২২ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১.০০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা।
৪. ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৬. মাননীয় উপদেষ্টা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৮. উপজেলা পরিষদের বাসাবাড়ি ও দোকানঘর সম্পর্কিত আলোচনা।
৯. বিবিধ।

আ.ন.ম আবুজর গিফারী
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর
ফোন নং ০৪২২৩-৬৫০২২
ই-মেইল:unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

১। মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর - ৪ [সদয় উপস্থিতির অনুরোধসহ]
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৪। মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
৫। উপজেলা --কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
৬। চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।
৭। আলেয়া বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক,যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-১৮ তারিখঃ ২২ মে ' ২০২২খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তী স্বীকার
১.	চেয়ারম্যান, জহুরপুর ইউপি	
২.	চেয়ারম্যান, বন্দবিলা ইউপি	
৩.	চেয়ারম্যান, রায়পুর ইউপি	
৪.	চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি	
৫.	চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি	
৬.	চেয়ারম্যান, দোহাকুলা ইউপি	
৭.	চেয়ারম্যান, দরাজহাট ইউপি	
৮.	চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি	
৯.	চেয়ারম্যান, জামদিয়া ইউপি	

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

তারিখঃ ২২ মে ' ২০২২খ্রিঃ।

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-১৮

ক্র: নং	পদবী	প্রাপ্তী স্বীকার
১০.	মেয়র, বাঘারপাড়া পৌরসভা	[signature] 24/05/22

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-১৮ তারিখঃ ২২ মে ' ২০২২খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তী স্বীকার
১	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	
২	উপজেলা কৃষি কর্মকর্তা	
৩	উপজেলা প্রকৌশলী	
৪	উপজেলা মৎস্য কর্মকর্তা	
৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	
৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	
৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	
৮	উপজেলা সমবায় কর্মকর্তা	
৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	
১০	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	
১১	উপজেলা প: প: কর্মকর্তা	
১২	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা	
১৩	উপজেলা শিক্ষা কর্মকর্তা	
১৪	ফরেস্টার, সামাজিক বনায়ন	
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	
১৬	উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য)	

বাঘারপাড়া উপজেলা পরিষদের মে/২০২২ মাসের মাসিক সাধারণ সভা

সভাপতি : জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপ: পরিষদ, বাঘারপাড়া

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন

অনুষ্ঠিত সময় : ৩০/০৫/২০২২, সোমবার বেলা - ১১ ঘটিকায়

সভায় উপস্থিত জনপ্রতিনিধীগনের স্বাক্ষর :

১। জনাব আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপ, পরি → [illegible] ৩০/৫/২২

২। জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান " → [illegible] ৩০/৫/২২

৩। মেয়র, পৌরসভা, বাঘারপাড়া → [illegible] ৩০/০৫/২২

৪। চেয়ারম্যান, জহুরপুর ইউপি, বাঘারপাড়া → [illegible] 30.05.22

৫। " বন্দবিলা " " → [illegible] ৩০/০৫/২০২২

৬। " রায়পুর " " → [illegible]

৭। " নারিকেলবাড়ীয়া " " → [illegible]

৮। " ধলগ্রাম " " → [illegible] ৩০/০৫/২২

৯। " দোহাকুলা " " → [illegible]

১০। " দরাজহাট " " → [illegible]

১১। " বাসুয়াড়ী " " → মো: [illegible] ৩০/০৫/২০২২

সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগণের স্বাক্ষর, উপস্থিতি ক্রমানুসারে

১।	মো: আলী আকবর	উপজেলা শিক্ষা অফিসার (ভাঃ প্রাপ্ত)	[স্বাক্ষর] ৩০/৫/২২
২।	মোঃ মাসুদুল হাসান মিন -	USEO	[স্বাক্ষর]
৩।	সালেহ আহমেদ	SAE	[স্বাক্ষর]
৪।	মো: হাসান ইমাম	URDO	[স্বাক্ষর]
৫।	মোহাম্মদ মোস্তাফিজুর রহমান	UCO	[স্বাক্ষর]
৬।	মো: মোকাব্বির খান	UYDO	[স্বাক্ষর]
০৭।	জান্নাতুল ফেরদৌস লাবনী	UWAO	[স্বাক্ষর] 30/05/2022
০৮।	মো: আবু হানিফ	SAE, DPHE	[স্বাক্ষর]
০৯.	এ.টি.এম সাজ্জাদ হোসেন	USSO	[স্বাক্ষর]
১০।	কামাল পাশা	UFO	[স্বাক্ষর]
১১।	ডা: মো: ফজলে রাব্বী	ULO	[স্বাক্ষর]
১২।	ফিরোজ আহমেদ	PIO	[স্বাক্ষর]
১৩।	ডাঃ মোঃ আরিফুল ইসলাম	UH&FPO	[স্বাক্ষর]
১৪।	মো: রুহুল আমিন	UAO	[স্বাক্ষর]

Sharif Product

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ৩০ মে/২০২২ বৃহস্পতিবার, বেলা-১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব মো: আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাঘারপাড়া,যশোর ।
০২) জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৭) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১০) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১১) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০১) জনাব আলী আকবর, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব মোঃ আকরাম হোসেন খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব সালেহ আকরাম, উপজেলা প্রকৌশলীর পক্ষে, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব মোঃ হাসান ইমাম, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মোঃ সেলিমুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৭) জনাব জান্নাতুল ফেরদৌস লাবনী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব এ,টি,এম মাসুদ হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া,যশোর ।
১০) জনাব পলাশ বালা, উপজেলা মৎস্য কর্মকর্তার, বাঘারপাড়া, যশোর।
১১) ড: মোঃ ফজলে রাব্বী, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তার, বাঘারপাড়া, যশোর।
১২) জনাব ফিরোজ আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৩) জনাব ডাঃ মোঃ শরিফুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১৪) জনাব মোঃ রুহুল আমিন, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

০১) জনাব এস,এম,জাফরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব মোঃ শাহীন কবীর, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব মোঃ ফেরদৌস রহমান,ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বাঘারপাড়া,যশোর ।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান । উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন । সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	**পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি ।	সংশোধণী না থাকায় কার্যবিবরণীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয় ।	উপজেলা নির্বাহী অফিসার।
০২.	**পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ** পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয় ।	১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	**বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ** (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির কোন সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপিত হয়নি।	সামাজিক দুরত্ব বজায় রেখে স্থায়ী কমিটিসমূহের সভার নিয়মীত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়।	১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ,
০৪	**৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- কোন প্রকল্প প্রস্তবনা নাই		
০৫.	**আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)** **(ক)** উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থবছরের বাজেট গত ১৯-০৫-২০২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিশেষ সভায় অনুমোদিত হয় যা উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করা হলে পরবর্তীতে উপজেলা পরিষদের বাজেট বাস্তবমুখী ও আরো প্রানবন্তভাবে করা যায় কিভাবে সে বিষয়ে ব্যবস্থা গ্রহনের সুপারিশ রেখে সর্বসম্মতিক্রমে ২০২২-২০২৩ অর্থবছরের উপজেলা পরিষদের বার্ষিক বাজেট অনুমোদন ও সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয় ।		
০৬.	**অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যাস্তকৃত/ প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)** কোন সুপারিশ নাই	---	----
০৭.	**সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)**		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, কালভার্ট ব্রিজ মেরামত সংক্রান্ত কোন প্রস্তাবনা থাকলে দ্রুততার সহিত উপজেলা প্রকৌশল দপ্তরের প্রেরণ করার জন্য আহবান জানান । দাপ্তরিক অন্যান্য কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা প্রকৌশলী
খ.স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, করোনা রোগী ২০২২ সাল অদ্যাবধি ৪১জন । বর্তমান চিকিৎসাধীন ০০, মৃত্য ০১ জন । কোভিড-১৯ ভ্যাকসিনেশন কায্যক্রম চলমান। মোট জনসংখ্যা ২৫৬৬২৭, ১ম ডোজ পেয়েছে ১৭৩১৪১ জন (৬৮%) এবং ২য় ডোজ ১৬৫৫৯৫জন (৬৫%) সম্পন্ন হয়েছে । আইসোলেশনে ২০ টি বেড প্রস্তুত আছে, আইসোলেশন বেডে ৩১ টি অক্সিজেন সিলিন্ডার ,অক্সিজেন ফ্লোমিটার ১৮ টি এবং ৮ টি অক্সিজেন কনসেন্ট্রেটর প্রস্তুত আছে। সন্দেহজনক রোগীর স্যাম্পল পাঠানো অব্যাহত আছে। ২৩ টি কমউনিটি ক্লিনিকে সর্বমোট ২২৭৮৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে । এছাড়া ৬৯০জন রোগীকে জটিলতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৩০৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃ বিভাগ থেকে ৫৩২৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।

	প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ৮৪৩ জন রোগীকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এবং জন রোগীকে অন্তঃবিভাগে ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। সাভাবিক ডেলিভারী ৫০ জন, ১৬ জন সিজারিয়ান অপারেশন করা হয়। ২৪২ জন রোগীকে ভায়া পরীক্ষা হইয়াছে। ৭টি সহকারী স্বাস্থ্য পরিদর্শক পদের মধ্যে ১ টি পদ পূরণ আছে। স্বাস্থ্য পরিদর্শক ২ টি পদের মধ্যে ২ টি পদ শুন্য আছে। হাসপাতালে পরিচ্ছন্নতাকর্মী ৫ টি পদের মধ্যে ৩ টি শুন্য , ওয়ার্ডবয় ৩ টি পদের মধ্যে ৩ টি পদ শুন্য, আয়া ২ টি পদের মধ্যে ২ টি শূন্য। ইপি আই কার্য্যক্রম চলমান আছে ।		
গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, রবি ২০২১-২২ মৌসুমে ১৬৪২০ হেঃ জমিতে বোরো ধানের আবাদ ছিল এবং ইতিমধ্যে ১০০% ধানের কর্তন সম্পন্ন হয়েছে । বোরো ধানের উৎপাদন হাইব্রিড জাতের গড় ফলন ৪.৮০ মেঃটন (চাউলে)এবং উফশী জাতের গড় ফলন ৪.১০মেঃটন (চাউলে)। বিশেষ কর্মসূচীর আওতায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন, ভার্মিকম্পোষ্ট/কম্পোস্ট তৈরি, আম ও লিচু গাছে সার প্রয়োগসহ অন্যান্য কার্যক্রম করার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে। খরিফ-১/২০২১-২২ অর্থ বছরে ২০২২-২৩মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় ১৩০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিতরণকৃত আউশ ধানের বীজতলা কার্যক্রম চলমান রয়েছে। প্রণোদনা কর্মসূচীর আওতায় ৮০জন কৃষকের গ্রীষ্মকালীন পেঁয়াজের বিনা মূল্যে বীজ ও সার সরবরাহের জন্য বরাদ্দ পাওয়া গেছে এবং ইতিমধ্যে সকল ইউনিয়নে বিভাজন দেওয়া হয়েছে। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরন প্রকল্পের আওতায় ৫০% ভর্তুকি মুল্যে চাহিদার বিপরীতে উপজেলায় রবি মৌসুমে একটি কম্বাইন্ড হারভেষ্টার ও একটি বেডপ্লাণ্টার যন্ত্র বিতরণ করা হয়েছে। এছাড়া বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী স্থাপন ,মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা ।
ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাটকা সংরক্ষণ কার্যক্রম উপলক্ষ্যে বাঘারপাড়ার বিভিন্ন মাছ বাজারে নিয়মিত ভাবে উপজেলা প্রশাসনের সার্বিক সহায়তায় অভিযান পরিচালনা করা হয়। বাঘারপাড়া উপজেলায় জেলে নিবন্ধনের হালনাগাদ কার্যক্রমের আওতায় ১৫৮ (এক শত আটান্ন) জন জেলের আবেদনের পরিপ্রেক্ষিতে জেলে যাচাই বাছাই কমিটি কর্তৃক জেলে যাচাই বাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে। যার মধ্যে ৪২ জন কে জেলে হিসাবে নিবন্ধনের জন্য চুড়ান্তভাবে সুপারিশ করা হয়। এছাড়াও রাজস্ব বরাদ্দের আওতায় ৩ (তিন) টি ইউনিয়নে ৩ টি বিল নার্সারি স্থাপন করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । তিনি আরো জানান যে, (১) কৃত্রিম প্রজনন ক) তরল সিমেন- ২৩৪টি, খ)হিমায়িত সিমেন-১১১০টি, (২) টিকা প্রদান- (ক) গবাদি পশু-৪৭০০টি, (খ) হাস-মুরগী-৪৩০০০টি, (৩) চিকিৎসা প্রদান- (ক) গবাদি পশু-২১৭৫টি, (খ) হাস-মুরগী-৮৭৮৭টি, (গ) পোষা প্রাণী- ০২টি, (৪)ফ্রি মেডিকেল ক্যাম্প-০১টি (৫) উঠান বৈঠক-০৩টি সম্পন্ন করা হয়েছে।	দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো ।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক ভাতা , বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতার চলতি ২০২১-২২ অর্থবছরের ৪র্থ কিস্তির পেরোল প্রেরণ করা হয়েছে। ৩য় কিস্তির ভাতা প্রদান চলমান আছে। অনগ্রসর জনগোষ্ঠিদের ভাতা প্রদান ৩য় কিস্তি পর্যন্ত ভাতা পাওয়া গেছে অবিলম্বে বিতরণ শুরু হবে। বিভাগের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক।	ভাতা প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো ।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানা যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৮৮০০ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৬১৮২(চক্র) কনডম ৯১২৬(পিস) ইনজেকটেবল ৯৩৬জন আইইউডি ১০জন, ইমপ্লান্ট ৩৬জন, স্থায়ী পদ্ধতী পরুষ ০০জন, মহিলা ০২ মোট ০২ জন ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো ।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক):	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগীতা-২০২২ উপজেলা পর্যায়ে গত ১৮ ও ১৯ মে ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে । জেলা পর্যায়ের প্রতিযোগীতা সম্পন্ন হয়েছে । আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগীতা-২০২২ বিদ্যালয় ও ইউনিয়ন পর্যায়ে সম্পন্ন হয়েছে । উপজেলা পর্যায়ে আগামী ০৬-০৬-২০২২খ্রিঃ তারিখে পূর্বপাইকপাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে, অনুষ্ঠান দেখার জন্য সকলকে আমন্ত্রণ জানান । চেয়ারম্যান, দোহাকুলা ইউপি জানান যে, কোন শিক্ষা প্রতিষ্ঠানে কত টাকার বরাদ্দে কিধরনের কার্যক্রম হচ্ছে সেটা যদি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অবহিত করার আহবান জানান ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো ।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
ঝ. শিক্ষা বিভাগ (মাধ্যমিক):	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের উপস্থিতিতে শ্রেণী কার্যক্রম চালু আছে। সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠানে ম্যানেজিং কমিটি/গর্ভানিং বডি নির্বাচন কার্যক্রম পুনরায় চালু করা হয়েছে। ছাড়া দাপ্তরিক অন্যান্ কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২২৮টি সমিতির ৬৫৮৯ জন সমবায়ীর মাঝে ২০২১-২২ অর্থ বছরে ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা ৪৯৮.০১ লক্ষ টাকা। তন্মধ্যে চলতি আর্থিক বছরে ৬৩৮ জন সদস্যের মধ্যে ২০৬.২৯ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিআরডিবি ভূক্ত কৃষক সমবায় সমিতির সদস্য, বিত্তহীন পুরুষ ও মহিলা সমিতির সদস্যদের প্রশিক্ষণের অর্ন্তভূক্ত করার জন্য তিনি অন্যান্য দপ্তরের কমকর্তাদের অনুরোধ জানান। উক্ত টাকা আদায়ে তিনি সম্মানীত চেয়ারম্যানবৃন্দ ও অন্যান্য কর্মকর্তাদের আন্তরিক সহযোগিতা কামনা করেন। ২০২১-২০২২ অর্থ বছরে সাধারণ কর্মসূচীর দুইটি প্রতিটি ৩০ জন সদস্য এবং অপ্রধান শস্য দুইটি ৮০ জন সদস্য প্রশিক্ষণের বরাদ্দ পাওয়া গেছে । ইতি:মধ্যে সাধারণ কর্মসূচীর ১টি ৩০জন ও অপ্রধান শস্য কর্মসূচীর দুই (০২) প্রশিক্ষণে ৮০জন সদস্যর প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে এ পর্যন্ত ১০২৬১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।যার মধ্য থেকে ৩০৮৬ জন যুব ও ২০৫৫ জন যুব মহিলাকে আত্মকর্মী করা হয়েছে।এ ছাড়া প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে ৯৯৯জন যুব ও ৬১৬ জন যুব মহিলা সহ মোট ১৬১৫ জনকে যুব ঋণ হিসাবে ৪.৫০.৪১.৩০০/-(চার কোটি পঞ্চাশ লক্ষ একচল্লিশ হাজার তিন শত) টাকা প্রদান করা হয়েছে; যার আদায় হার ৯৬%। তিনি সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো ।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে গত মাস পর্যন্ত মোট নিবন্ধিত সমিতির সংখ্যা ৪৭৪ টি। আদায়যোগ্য অডিট ফি সাধারণ -৮২৭১০/-, আদায়যোগ্য অডিট ফি পউবো-২৪৮০০/- আদায়কৃত অডিট ফি সাধারণ -৮২৭১০/-, আদায়কৃত অডিট ফি পউবো-২৪৮০০/-। আদায়ের হার ১০০%। আদায়যোগ্য সিডিএফ সাধারণ-৫৭১৫২/-, আদায়যোগ্য সিডিএফ পউবো-৭৪৩৮/-, আদায়কৃত সিডিএফ সাধারণ-৫৭১৫২/-, আদায়কৃত সিডিএফ পউবো -৭৪৩৮/- । আদায়ের হার ১০০%।এবং ২০২০-২১ সনে টি। আদায়যোগ্য অডিট ফি সাধারণ -৮০৩৯০/-, আদায়যোগ্য অডিট ফি পউবো-৩০৩১০/- আদায়যোগ্য সিডিএফ সাধারণ-৪০৭৮৫/-, আদায়যোগ্য সিডিএফ পউবো-৯১৪৯/- অডিট যোগ্য কেন্দ্রীয় সমবায় সমিতি (বিআরডিবি) ২টি,অডিট সম্পাদন ০২টি,অডিট নোট দাখিল ০২টি । অডিট যোগ্য প্রাথমিক সাধারণ সমবায় সমিতি ৬০টি, অডিট সম্পাদন ৬০টি,অডিট নোট দাখিল ৬০টি। এছাড়া পরিদর্শন অগ্রগতি বিগত মাস পর্যন্ত ৪২টি, বর্তমান মাসে সম্পাদন ০৬টি । মোট সম্পাদন ৪৮টি । এবং ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মুল বরাদ্ধ ৭৬০০০০/-টাকা। মোট ঘূর্ণায়মান ঋণ বিতরণ ৩৭,৭৩,০০০/- মোট ঋণ আদায় ৩৫১৩৫৯৪/- অনাদায়ী ঋণের পরিমান ৫৪৬৮৪৬/-। আদায়ের হার ৯০%।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো ।	উপজেলা সমবায় কর্মকর্তা

ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, **ভিজিডিঃ** বাঘারপাড়া উপজেলায় বর্তমানে ভিজিডি উপকারভোগীর সংখ্যা ২১৫১ জন। মে/২০২২ মাসের ডিও প্রদান করা হয়েছে এবং খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। ২৪/০৫/২০২২ খ্রি. তারিখে উপজেলা ভিজিডি কমিটির ২০২১-২০২২ অর্থবছরে কর্মসূচী বাস্তবায়নের জন্য উপজেলা কমিটির ষান্মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। ১৯৬৫ জন ভাতাভোগীর ব্যাংক একাউন্ট সম্পূর্ণ হয়েছে এবং ১৮৬ জনের একাউন্ট বাকি রয়েছে। মোট সঞ্চয়ের পরিমান ১৬,৩৪,১৮৫/- টাকা। ভিজিডি কর্মসূচির এনজিওর নাম- অনন্য ইনিশিয়েটিভ ফর ম্যানকাইন্ড ডেভেলপমেন্ট (এইম)। এনজিও কর্মী প্রতিমাসে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। যে সকল ইউনিয়নে ভিজিডি ভাতাভোগীদের শতভাগ হিসাব খোলা হয়নাই সে সকল ইউনিয়নের চেয়ারম্যানদের ব্যাংক হিসাব সম্পন্ন করার জন্য বিনীতভাবে অনুরোধ করা হয়েছে। **ক্ষুদ্রঋণঃ** বর্তমান মাসে ঋণ আদায়ের পরিমান – ৯,৪৫০/- টাকা। বর্তমান মাসে ব্যাংক স্থিতির পরিমান ৪,৪০,৫৮১/৫৮ টাকা। ২০২০-২০২১ অর্থ বছরে ১৮ জনকে ১৫০০০/- টাকা হারে মোট- ২,৭০,০০০/ (দুই লক্ষ সত্তর হাজার) টাকা ঋণ দেওয়া হয়েছে। **প্রশিক্ষণঃ** সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের ট্রেনিং সেন্টার মজিদ সুপার মার্কেট এর ২য় তলায় অবস্থিত। ট্রেনিং সেন্টারটি এক কক্ষ বিশিষ্ট হল রুমের মতো। বর্তমানে ১৪ ও ১৫ তম ট্রেডে সকাল বিকাল দুই শিফটে ১০০ জন মহিলা প্রশিক্ষণ গ্রহণ করছে। বর্তমানে যে রুমে ট্রেনিং করানো হয় সেই কক্ষটি অন্ধকারাচ্ছন্ন থাকে, কোন আলো বাতাস প্রবেশ করে না। অতএব ট্রেনিং সেন্টারটি পরিবর্তন করে উপজেলা পরিষদের ভেতরে আনার জন্য অনুরোধ করা হলো। কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। ক্যারাটে প্রশিক্ষক শিডিউল অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম করছে। বাল্য বিবাহ, নারী নির্যাতন, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠান বৈঠক ও সচেতনতা মূলক সভা চলমান রয়েছে। নারী ওশিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২১-২০২২ অথ বছরের নলকূপের সহায়ক চাঁদা বাবদ বিডিটি / ব্যাংক ড্রাফ্ট / পে-অর্ডার জমা নেওয়ার কাযক্রম চলমান রয়েছে পাশাপাশি নলকূপ বোরিং এর কাযক্রম চলমান রয়েছে। বাঘারপাড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নের গ্রাম পর্যায়ে বিভিন্ন নলকূপের আর্সেনিক স্কিনিং এর কাযক্রম চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ত. বন বিভাগ	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় উপস্থিত না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া,যশোর
০৮.বিবিধ:	(১)চেয়ারম্যান, রায়পুর ও চেয়ারম্যান, দোহাকুলা ইউপি জানান যে, ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প প্রতিটি মিটিং এ অনুপস্থিত থাকায় তাঁর প্রকল্প সম্পর্কে সকলে অন্ধকারে থেকে যাচ্ছে, বিষয়েটি গুরুত্বের সহিত বিবেচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানান। (২) চেয়ারম্যান, জামদিয়া বাঘারপাড়া উপজেলা ক্রীড়া কমিটি হালনাগাদ করণ করার আহবান জানান। (৩) চেয়ারম্যান, ধলগ্রাম ও চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া এবং চেয়ারম্যান, দরাজহাট ইউপি উপজেলার কিছু রাস্তা চলার অনুপোযোগী	নীতিমালা ও বিধিমালা অনুযায়ী এবং দায়িত্বের সহিত কার্যক্রম পরিচালনর আহবান জানান।	সংশ্লিষ্ট সকল

	হয়ে পড়ায় সেসকল রাস্তাসমূহ দ্রুততার সহিত মেরামত করার ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান । (৪) মেয়র, বাঘারপাড়া পৌরসভা জানান, (ক) সারের কিছু কিছু দোকানদার মজুদের মাধ্যমে সারের দাম বৃদ্ধির মাধ্যমে অবৈধ ফায়দা অর্জনের চেষ্টা করছে (খ) উপজেলার সামনে অবৈধভাবে পৌরসভার অনুমোদন বিহীন জেলা পরিষদ যে মার্কেট তৈরী করেছে তার ফলে নানা ধরনের জনর্দূভোগ সৃষ্টি হচ্ছে এ বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের সহিত কথা বলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনর জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান । (৫) উপজেলা নির্বাহী অফিসার জানান যে, চাড়াভিটা বাজারে রাস্তার উপর ইজিবাইক ও ভ্যানগাড়ি রেখে যানজটের সৃষ্টি হচ্ছে সেকারনে চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি বাজারের দুপাশে ফাকা জায়গায় দুটি নির্দিষ্ট জায়গায় স্ট্যান্ড করে দেওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন । (৬) চেয়ারম্যান উপজেলা পরিষদ সকলকে দায়িত্বের সহিত কর্মকান্ড পরিচালনার জন্য আহবান জানান ।	(৫) নির্দিষ্ট জায়গায় স্ট্যান্ড করার সিদ্ধান্ত গৃহিত হয় ।	

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

১/০৬/২২
ভিক্টোরিয়া পারভীন সাথী
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।

উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

তারিখঃ ০১/ ০৬/ ২০২২ খ্রিঃ ।

স্মারক সংখ্যাঃ ০৫.৬৫৪.০০৬.১৩.১৫.০১৮.২০২২-২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা ।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর ।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯ মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা .... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১.চেয়ারম্যান,...ইউনিয়নপরিষদ,বাঘারপাড়া,যশোর।
১২.সংরক্ষিত মহিলা সদস্য , উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।

আ.ন.ম আবুজর গিফারী
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।